দৈনিক ইনকিলাব

তারিখ 06 DEC 1998
পৃষ্ঠা: ৭ কলাম: ৩

## রাজধানীতে ক্যাডেট কলেজ চাই

রাজধানী বাদে বাংলাদেশের ১০টি জেলায় ক্যাডেট কলেজ রয়েছে। উত্তম শিক্ষা ব্যবস্থা। পর্যায়ক্রমে সব জেলায় ক্যাডেট কলেজ স্থাপিত হলে যারা বঞ্চিত হচ্ছে তারাও এই উত্তম শিক্ষার সুযোগ গ্রহণ করতে পারবে নিঃসন্দেহে। আমার প্রশ্ন হচ্ছে বাংলাদেশের রাজধানী ঢাকায় একটাও ক্যাডেট কলেজ নেই কেন? রাজধানীর অপরাধ কি? অথবা রাজধানীতে যারা স্থায়ীভাবে বসবাস করছেন তাদের ছেলে-মেয়েদের অপরাধ কি? ১২ বছর বয়সের ছোট ছোট ছেলে-মেয়েদের দূর বিদেশের ক্যাডেট কলেজ ভর্তি করে অনেক মা-বাবার ছেলে-মেয়েদের জন্য কান্নাকাটি করতে হয়। কারণ বর্তমান যুগে অধিকাংশ মা-বাবার পরিবারে মাত্র দু'টি সন্তান। এক ছেলে, এক মেয়ে। যাকেই পাঠায় দূর বিদেশে তার জন্যই মা-বাবা হতাশার মধ্যে থাকেন। তিন-চারজন ছেলে-মেয়ে হলে একজনকে পাঠানো যায় দূরে। কিন্তু একটি ছেলে, একটি মেয়ে তারা তো মা-বাবার চোখের মণি। দূরে পাঠালে তারা চোখে অন্ধকার দেখেন। তাই রাজধানীর মানুষের চোখের আঁধার দূর করতে স্বনামধন্য বাংলাদেশের রাজধানী ঢাকায় অচিরেই পুরুষ ও মহিলা দু'টি ক্যাডেট কলেজ প্রতিষ্ঠার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

—খন্দকার আইয়ুব আলী, সহঃ হিসাব নিরীক্ষণ কর্মকর্তা,
বিএডিসি, কৃষি ভবন, ঢাকা-১০০০।